

Section - A
বোধ পরীক্ষণ (Reading Comprehension)
নবম শ্রেণী (Class - IX)

অনুশীলনী

নির্দেশ :- নীচের অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নের উত্তর দাও।

- ১৯৩০ সালের ১৭ই ডিসেম্বর। আমেরিকার নর্থ ক্যারোলিনা রাজ্যের অন্তর্গত কিটি হকের মাঠ। উইলবার আর তাঁর ভাই অরভিল এসেছেন, হাওয়ার চেয়ে ভারি যানটি যন্ত্রের জোরে আকাশে ভেসে থাকতে পারে কিনা তারই পরীক্ষা করতে। পূর্বে নিষ্ফল প্রচেষ্টা চালিয়েছিলেন উইলবার। কাজেই পালা অনুসারে এবারকার পরীক্ষা চালাবার ভার পড়ল অরভিল-এর উপর। বেশ জোরে হাওয়া চলছে। এই আবহাওয়ায় অরভিল যন্ত্রের উপর আরোহণ করে ইঞ্জিন চালিয়ে দিলেন। ঘোর রবে ইঞ্জিন গর্জন করে উঠল। কিন্তু প্রায় ২২০ ফুট যাবার পর যন্ত্রটি হঠাৎ যেন টুঁ মেরে মাটিতে নেমে পড়ল। আর সঙ্গে সঙ্গে প্রথমবারের আকাশে ওড়ারও সমাপ্তি ঘটল।

প্রশ্ন ১। কিটি হকের মাঠ কোথায় ছিল?

- ২। উইলবার এবং অরভিল কীসের পরীক্ষা করছিলেন?
- ৩। অরভিলের পরীক্ষার সময় আবহাওয়া কেমন ছিল?
- ৪। যন্ত্রটি ২২০ ফুট ওঠার পর কী ঘটল?
- ৫। 'আরোহণ'-এর বিপরীত শব্দ লেখ।

2. প্রভাত হইবামাত্র যুদ্ধ আরম্ভ হইল। ক্লাইভ, উৎকণ্ঠিত চিত্তে মীরজাফরের ও তদীয় সৈন্যের আগমনের প্রতীক্ষা করিতে লাগিলেন, কিন্তু তখন পর্যন্ত তাঁহার ও তদীয় সৈন্যের কোন চিহ্ন দেখা গেল না। যুদ্ধ ক্ষেত্রে নবাবের পঞ্চদশ সহস্র অশ্বারোহ ও পঞ্চত্রিংশ সহস্র পদাতিক সৈন্য উপস্থিত হইয়াছিল। কিন্তু তিনি স্বয়ং চাটুকারবর্গে বেষ্টিত হইয়া, সকলের পশ্চাদভাগে তাঁবুর মধ্যে ছিলেন। মীরমদন নামক এক সেনাপতি যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। বেলা প্রায় দুই প্রহরের সময় কামানের গোলা লাগিয়া, সেনাপতি মীরমদনের দুই পা উড়িয়া গেল। তিনি তৎক্ষণাৎ নবাবের তাঁবুতে নীত হইলেন এবং তাঁহার সম্মুখেই প্রাণত্যাগ করিলেন।

প্রশ্ন ১। ক্লাইভ কাদের আগমনের প্রতীক্ষা করছিলেন?

২। যুদ্ধক্ষেত্রে নবাবের পক্ষে কতজন সৈন্য উপস্থিত ছিল?

৩। যুদ্ধের সময় নবাব তাঁবুর মধ্যে কী করছিলেন?

৪। যুদ্ধে মীরমদনের কী পরিণতি ঘটল?

৫। “পঁয়ত্রিশ” শব্দটির সমানার্থক শব্দ অনুচ্ছেদে কোনটি?

3. খ্রীষ্টপূর্ব ৩৩২ সালে মহাবীর আলেকজান্ডার আলেকজান্দ্রিয়া শহর প্রতিষ্ঠা করেন। তাঁর মৃত্যুর পর এই স্থানটিতে একটি শিক্ষাকেন্দ্র গড়ে উঠল। শিক্ষকদের মধ্যে এলেন সুপ্রসিদ্ধ জ্যামিতি বিশারদ ইউক্লিড। অনতিকাল পরে এখানে যোগ দিলেন সিরাকুজবাসী আর্কিমিডিস। আলেকজান্দ্রিয়ায় থাকার সময় আর্কিমিডিস নানারকম বৈজ্ঞানিক আবিষ্কারে রত ছিলেন। চাষের ক্ষেত্রে জল সেচনের জন্য তিনি এক নতুন উপায় উদ্ভাবন করেন। স্কু আকারের একটি ফাঁপা নলের নীচের প্রান্ত জলে ডোবানো। স্কু-টা ঘোরাতে থাকলে জল নীচ থেকে উপরে উঠবে।

প্রশ্ন ১। আলেকজান্দ্রিয়া শহরের প্রতিষ্ঠাতা কে?

২। ইউক্লিড কে ছিলেন?

৩। আলেকজান্দ্রিয়ায় ইউক্লিডের শিক্ষাদানের কর্মে কে যোগ দিলেন?

৪। আলেকজান্দ্রিয়ায় থাকার সময় চাষের ক্ষেত্রে জলসেচনের জন্য আর্কিমিডিস কী যন্ত্র আবিষ্কার করেন?

৫। ‘অনতিকাল’ শব্দটির অর্থ কী?